

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত তিনটি  
বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত



অমর একুশে বই মেলা ২০২২-এ ২৭ ফেব্রুয়ারি ২০২২, রবিবার সন্ধ্যা ৬টায় বাংলা একাডেমির নজরুল মঞ্চে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত (২০২১-২০২২) তিনটি বইয়ের মোড়ক উন্মোচন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এছাড়াও এসময় বাংলা বিভাগের অধ্যাপক ও পান্ডুলিপি মুদ্রন কমিটির আহবায়ক ড. মিল্টন বিশ্বাস এর সঞ্চালনায় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর ড. মোস্তফা কামাল, লেখক, শিক্ষক, সহকারী প্রক্টর, কর্মকর্তা, সাংবাদিক ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



উল্লেখ্য অনুষ্ঠানে সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষক ড.ফারহানা জামান রচিত Social Dynamics of Salinity: Problems and Prospects in Coastal Bangladesh একই বিভাগের ড.আয়েশা সিদ্দিকা ডেইজী রচিত 'The Sweeper Community in Bangladesh' এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক মোঃ ময়নুল হক রচিত 'Measuring Democratic Consolidation in Bangladesh' গ্রন্থ তিনটির মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়।